দৈনিক
ইত্তেফাক

তারিখ 28 SEP 2016
পৃষ্ঠা ...৩... কলাম ৩

# কওমি মাদ্রাসা আইন চূড়ান্ত খসড়ার ৯ সদস্যের কমিটি

## আহ্বায়ক ফরিদউদ্দিন মাসউদ

■ ইত্তেফাক রিপোর্ট

কওমি সনদের সরকারি স্বীকৃতি দেয়ার লক্ষ্যে কওমি মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ আইনের খসড়া চূড়ান্ত করতে নয় সদস্যের কমিটি গঠন করেছে সরকার। শোলাকিয়ার খতিব ও ইকরা বাংলাদেশ-এর পরিচালক মাওলানা ফরিদউদ্দিন মাসউদকে আহ্বায়ক ও গোপালগঞ্জের গওহরডাঙ্গা মাদ্রাসার মহাপরিচালক মুফতি রুহুল আমিনকে এ কমিটির সদস্যসচিব করা হয়েছে। গতকাল মঙ্গলবার শিক্ষাসচিব মো. সোহরাব হোসাইন স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে বলা হয়, কওমি মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ প্রতিষ্ঠাকল্পে ইতিপূর্বে গঠিত 'কওমি মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ আইন ২০১৩'-এর খসড়া যুগোপযোগীকরণে সরকারকে সুপারিশ করার লক্ষ্যে নয় সদস্যের কমিটি গঠন করা হলো। ১৫ দিনের মধ্যে সরকারের কাছে সুপারিশ পেশ করতে বলা হয়েছে।

এর আগে সরকার ২০১২ সালের ১৫ এপ্রিল ১৭ সদস্যের কমিটি গঠন করে কওমি মাদ্রাসা শিক্ষা কমিশন গঠন করে। হাটহাজারী মাদ্রাসার মহাপরিচালক মাওলানা আহমদ শফীকে প্রধান করা হয় ওই কমিটির। আইনের খসড়াও চূড়ান্ত হয়; কিন্তু সরকারের কাছ থেকে বেতন-ভাতা ও অনুদান নেয়া না নেয়া এবং মাদ্রাসাগুলোর ওপর সরকারের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা সংক্রান্ত বিষয়ে কমিটির সদস্যদের মধ্যে মতপার্থক্য দেখা দেয়।